

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
গবেষণা শাখা
ঢাকা

নং-পম/গবেষণা/বিআইআইএসএস/(ভিজিট)-০১(অংশ-১)/২০১৬/২০৩

তারিখঃ ০৩ ডিসেম্বর ২০১৮

প্রেরক : (ফাল্গুনী বাগ্‌চী)
সহকারী সচিব (গবেষণা)

প্রাপক : উপ-পরিচালক (প্রশাসন)
বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BISS)
১/৪৬ পুরাতন এলিফেন্ট রোড, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BISS)-এর গবেষণা পরিচালক কর্ণেল শেখ মাসুদ আহমেদ, এসপিপি, পিএসসি-এর অনুকূলে সিঙ্গাপুর সফরের জন্য সরকারি মঞ্জুরী জ্ঞাপন।

মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে বাংলাদেশ ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল এন্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ (BISS)-এর গবেষণা পরিচালক কর্ণেল শেখ মাসুদ আহমেদ, এসপিপি, পিএসসি-এর অনুকূলে আগামী ১২-১৩ ডিসেম্বর ২০১৮ তারিখে সিঙ্গাপুরে অনুষ্ঠিতব্য '5th Myanmar-Bangladesh Experts Meeting'-এ যোগদানের নিমিত্ত সিঙ্গাপুর সরকারী সফরের মঞ্জুরী জ্ঞাপন করছে।

০২। সফরের শর্তাবলী নিম্নরূপঃ

ক) উক্ত সফরকালীন সময়ে তিনি সরকারী কাজে নিয়োজিত বলে বিবেচিত হবেন এবং বিধি অনুযায়ী পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন। তবে বেতন/ভাতাদির কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না।

খ) তিনি আগামী ১১ ডিসেম্বর ২০১৮ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে সিঙ্গাপুরের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করবেন এবং বিষয়োক্ত সভা শেষে আগামী ১৪ ডিসেম্বর ২০১৮ তারিখ অথবা তার নিকটবর্তী সময়ে দেশে প্রত্যাবর্তন করবেন।

গ) বর্ণিত সফরে আমন্ত্রণকারী সংস্থা কর্তৃক বিমান ভাড়া, আহার, আবাসন এবং স্থানীয় পরিবহন ব্যয়ভার বহন করা হবে। এ ছাড়াও বর্ণিত কর্মকর্তা বহির্গমনের জন্য নির্ধারিত হারে টার্মিনাল চার্জ এবং ট্রানজিট ভাতা ও অন্যান্য ভাতা প্রাপ্য হবেন যা BISS-এর সংশ্লিষ্ট খাত হতে সংকুলান করা যেতে পারে।

ঘ) বর্ণিত কর্মকর্তা সফর শেষে দেশে প্রত্যাবর্তনের পর অনধিক দশ (১০) কার্যদিবসের মধ্যে একটি সফর সংক্রান্ত প্রতিবেদন অত্র মন্ত্রণালয়, গবেষণা অনুবিভাগে দাখিল করবেন এবং সফর শেষে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা বরাবর মূল ভাউচার/বিল প্রদানপূর্বক তাঁকে প্রদত্ত অগ্রীম/ভাতাদির সমন্বয় সাধন করবেন।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।

আপনার একান্ত,

স্বাঃ

(ফাল্গুনী বাগ্‌চী)
সহকারী সচিব (গবেষণা)
ফোন-৯৫৫৪১১৫

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ

০১। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।

০২। মহাপরিচালক (কনসুলার ও কল্যাণ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

০৩। মহাপরিচালক (গবেষণা), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

০৪। পরিচালক (এফএমও/এসএমও/এফএসও), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

০৫। কর্ণেল শেখ মাসুদ আহমেদ, গবেষণা পরিচালক, BISS, ঢাকা।


০৬। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পররাষ্ট্র বিষয়ক, ১ম-১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুন বাগিচা, ঢাকা।

০৭। জেনারেল ম্যানেজার, বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।

০৮। সিনিয়র সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।

১০। অফিস কপি।



(ফাল্গুনী বাগ্‌চী)
সহকারী সচিব (গবেষণা)